# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 29-06-2025 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর -

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তাঁর মন-কি-বাত অনুষ্ঠানে স্বাস্থ্য থেকে সামাজিক সুরক্ষা, প্রত্যেক ক্ষেত্রেই ভারতের এগিয়ে থাকার কথা উল্লেখ করে বলেছেন, দেশের জন সংখ্যার ৬৪ শতাংশেরও বেশি এখন সামাজিক সুরক্ষার সুবিধা ভোগ করছেন।

এই সাফল্যের ফলে ভারত আগামী দিনে আরও বেশি শক্তিশালী এবং দেশের অবস্থা আরও ভালো হবে বলে তিনি আশা ব্যক্তি করেন।

২) প্রধানমন্ত্রী আজ আবারও জরুরী অবস্থার সংকটের দিনগুলির কথা স্মরণ করিয়ে দিয়ে মানুষকে সচেতন থাকতে বলেছেন।

৩) বিভিন্ন তীর্থযাত্রার উল্লেখ করে শ্রী মোদী আরও বলেছেন, এই যাত্রা এক ভারত শ্রেষ্ঠ ভারত ভাবনার আদর্শ প্রতিফলন।

৪) দক্ষিণ কলকাতার আইন কলেজের এক পড়ুয়া তরুণী ধর্ষণের ঘটনায় আইনজীবীদের একটি সংগঠন আদালতের হস্তক্ষেপ চেয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে চিঠি দিয়েছেন। আজও কলকাতা সহ রাজ্যের বিভিন্ন স্থানে ধর্ষণের ঘটনার প্রতিবাদে বিক্ষোভ অব্যাহত।

৫) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর সৃষ্ট নিম্নচাপ অঞ্চলের ফলে দক্ষিণবঙ্গে জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আবহাওয়া দফতর জানিয়েছে।

ooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, স্বাস্থ্য থেকে সামাজিক সুরক্ষা প্রত্যেক ক্ষেত্রেই ভারত এগিয়ে চলেছে। যা সামাজিক ন্যায়ের এক মহান চিত্র। আকাশবাণীর মাসিক ১২৩-তম মন-কি-বাত অনুষ্ঠানে শ্রী মোদী আজ বলেন, দেশের বেশিরভাগ মানুষ এক বা একাধিক সামাজিক নিরাপত্তা প্রকল্পের সুবিধে পেয়েছেন।

আন্তর্জাতিক শ্রম সংগঠন আই এল ও-র রিপোর্ট উল্লেখ করে শ্রী মোদী বলেন, দেশের জন সংখ্যা ৬৪ শতাংশেরও বেশি কিছু না কিছু সামাজিক সুরক্ষার সুবিধা ভোগ করছেন। ২০১৫ সাল পর্যন্ত ২৫ কোটিরও কম মানুষের কাছে সরকারী যোজনা পৌঁছতো, এখন ৯৫ কোটি মানুষ কোন না কোন সামাজিক সুরক্ষা প্রকল্পের সঙ্গে যুক্ত।

শ্রী মোদী জোর দিয়ে বলেন, এই সাফল্য যে আত্মবিশ্বাস যুগিয়েছে, তাতে ভারত আগামী দিনে আরও বেশি শক্তিশালী এবং দেশের অবস্থা আরও ভালো হবে।

MKB-SOCIAL-PROTECTION (7.50 PM)

ভারত থেকে চোখের জটিল রোগ ট্রাকোমা সম্পূর্ণ বিলিন হওয়ার কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এক সময় এই রোগের যথেষ্ট প্রকোপ ছিল। গুরুত্ব না দিলে এই রোগে ধীরে ধীরে দৃষ্টিও চলে যেতে পারতো। কিন্তু এর বিরুদ্ধে লড়াই-এ ভারতের স্বাস্থ্য কর্মীরা সাফল্য অর্জন করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা WHO ভারতকে ট্রাকোমা ফ্রি ঘোষণা করেছে।

প্রধানমন্ত্রী আজ আবারও জরুরী অবস্থার সংকটের দিনগুলির কথা স্মরণ করিয়ে দিয়ে মানুষকে সচেতন থাকতে বলেছেন।

MKB EMERGENCY TIME (7.50 PM)

দেশে জরুরী অবস্থা জারির ৫০ বছর পূর্তি উপলক্ষে সংবিধান হত্যা দিবস পালনের কথাও শ্রী মোদী উল্লেখ করেন। তিনি বলেন, যারা সাহসের সঙ্গে জরুরী অবস্থার মোকাবিলা করেছিলেন, সবসময় সেই সব মানুষের কথা মনে রাখা উচিত।

আজকের মন-কি-বাতে শ্রী মোদী আন্তর্জাতিক যোগ দিবসের অসাধারণ সাফল্যের উল্লেখ করে বলেন, প্রতি বছর এই দিবস আগের চেয়ে আরও জাঁকজমক হয়ে উঠছে। এবারের যোগ দিবসের মূল ভাবনা ছিল যোগা ফর ওয়ান আর্থ – ওয়ান হেল্থ। এবছর যোগ দিবসের মূল্য অনুষ্ঠান কেন্দ্র বিশাখাপত্তনমের সমুদ্রতটে -৩ লক্ষ মানুষ এক সঙ্গে যোগাভ্যাস করেন।

MKB YOGA FOR ONE EARTH (7.50 PM)

কৈলাশ-মানসরোবর, অমরনাথ ও জগন্নাথ দেবের রথযাত্রার উল্লেখ করে শ্রী মোদী বলেন, উত্তর থেকে দক্ষিণ, পূর্ব থেকে পশ্চিম এই যাত্রা এক ভারত শ্রেষ্ঠ ভারত নীতি ও আদর্শের উত্তম প্রতিফলন। এই সব তীর্থ যাত্রা সেবার আদর্শের মহান সুযোগও বটে। তীর্থযাত্রার সময় আরও অনেক বেশি সংখ্যক মানুষ তীর্থযাত্রীদের সেবা করার সুযোগ পান তাদের জন্য খাবার, পানীয় জল, চিকিৎসা এবং  অন্যান্য সুযোগ-সুবিধারও ব্যবস্থা করা হয়।

MKB TIRTHA (7.50 PM)

আজকের মন-কি-বাতে শ্রী মোদী বোরোল্যান্ডের সাফল্যের কথা উল্লেখ করে বলেন, এখানকার যুবাদের মধ্যে শক্তি এবং আত্মবিশ্বাস ফুটবল ময়দানে সবচেয়ে বেশি লক্ষ্য করা যাচ্ছে। বরোল্যান্ড CEM কাপ ফুটবলে ৩ হাজার ৭-শোরও বেশি টিম এবং ৭০ হাজার খেলোয়াড় অংশ নেন। এদের মধ্যে অনেক মেয়েও আছে। শ্রী মোদীর আজকের ভাষণে মেঘালয়ের এড়ি সিল্কের কথা উঠে এসেছে। এটি সম্প্রতি জিআই ট্যাগও পেয়েছে। শ্রী মোদী তাঁর একাধিক অনুষ্ঠানে স্থানীয় সাংস্কৃতিক বৈচিত্র ও উৎপাদনের গুরুত্বের কথা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী আজ তেলেঙ্গানার ভদ্রাচলমে মহিলাদের বাজরা থেকে বিস্কুট তৈরির সাফল্যের কথা উল্লেখ করেন। তিনি বলেন ভদ্রাদি মিলেট ম্যাজিক নামে এই বিস্কুটগুলি লন্ডন যাচ্ছে। কর্ণাটকের কালব্রুরগির মহিলাদের জোয়ারের রুটি বিক্রি এবং মধ্যপ্রদেশে সুমা উইকের তৈরি মাসরুমের কথাও আজ উল্লেখ করেন।

শ্রী মোদী বলেন, ভগবান বুদ্ধের পবিত্র দেহাবশেষ ভিয়েতনামে নিয়ে যাওয়া হয়েছিল সাধারণের দর্শনের জন্য। ১০ কোটি মানুষের দেশ ভিয়েতনামে দেড় কোটিরও বেশি ভিয়েতনামের জনগণ এই পবিত্র দেহাবশেষ দর্শন করেছেন বলে শ্রী মোদী জানান।

ক্যাপ্টেন শুভাংশু শুক্লার মহাকাশ যাত্রার বিষয় উল্লেখ করে শ্রী মোদী বলেন, আগামী মন-কি-বাত অনুষ্ঠানে এবিষয়ে তিনি তাঁর পরবর্তী বক্তব্য তুলে ধরবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

সাউথ ক্যালকাটা ল কলেজে প্রথমবর্ষের আইনের ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় আদালতের হস্তক্ষেপ চেয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমকে চিঠি দিয়েছেন অল ইন্ডিয়া ল ইয়ার্স ইউনিয়নের আইনজীবীরা। গত ২৫ জুন কলেজের ভিতরে যেভাবে ওই ছাত্রীর ওপর শারীরিক নির্যাতন করা হয়েছে, তাতে কলেজগুলিতে পড়ুয়াদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে বলে ওই চিঠিতে উল্লেখ করা হয়েছে। স্বচ্ছ এবং নিরপেক্ষ পুলিশি তদন্ত সুনিশ্চিত করতে কলকাতা হাইকোর্টের নজরদারিতে বিশেষ তদন্তকারী দল বা সিট গঠনের দাবি জানানো হয়েছে সংগঠনের তরফে। পাশাপাশি নির্যাতিতা এবং তাঁর পরিবারের জন্য যথাযথ নিরাপত্তার বন্দোবস্ত করার ব্যাপারেও আর্জি জানানো হয়েছে।

অন্যদিকে, ঘটনায় যথাযথ তদন্তের দাবিতে লিগাল রাইট organization নামে একটি সংগঠনের তরফেও বার কাউন্সিল অফ ইন্ডিয়াকে চিঠি পাঠানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

সাউথ ক্যালকাটা ল কলেজে ধর্ষনের ঘটনার কড়া নিন্দা করেছেন কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। পানিহাটিতে আজ প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনার পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী প্রধান বলেন, যাদবপুর বিশ্ববিদ্যালয় র‍্যাগিং, আরজি করে চিকিৎসক মৃত্যু এবং কসবা ল কলেজের ঘটনা প্রতিটি ক্ষেত্রেই শাসকদল তৃণমূল কংগ্রেস জড়িত রয়েছে।

(বাইট-ধর্মেন্দ্র প্রধান)

এদিকে, ওই ঘটনার প্রতিবাদে আজও দিকে দিকে প্রতিবাদ বিক্ষোভে সামিল হয়েছেন বিরোধী দল সহ সমাজের বিভিন্ন স্তরের মানুষ।

গোলপার্ক থেকে গড়িয়াহাট পর্যন্ত আজ কন্যা সুরক্ষা যাত্রা করে বিজেপি। হাতে মশাল নিয়ে মিছিলে হাঁটেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর সহ দলের নেতা কর্মীরা। মিছিলের শেষে এক প্রতিবাদ সভায় শুভেন্দুবাবু জানান, আগামী দু তারিখ বিজেপি কসবা অভিযান করবে। পাশাপাশি আরজি করের নির্যাতিতার পরিবারের সঙ্গে শীঘ্রই সাক্ষাৎ করে ৯ ই আগস্ট নবান্ন অভিযানের জন্য আবেদন জানাবেন।

কসবা কাণ্ডে দোষীদের শাস্তির দাবি এবং দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারকে গ্রেপ্তারের প্রতিবাদে আজ পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের ১৯ নং জাতীয় সড়ক অবরোধ করেন বিজেপির কর্মী সমর্থকরা। রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান তারা।

আসানসোলের জিটি রোড অবরোধ করলে পুলিশ, বেশ কয়েকজন বিজেপি কর্মীকে আটক করে।

অবরোধ তুলতে গেলে পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের ধস্তাধস্তি বাধে। প্রায় ২০ মিনিট পর অবরোধ ওঠে।

সুকান্ত মজুমদারের উপর পুলিশি হেনস্থার অভিযোগে কোচবিহারের কোতোয়ালি থানা ঘেরাও করে বিক্ষোভ দেখান বিজেপি নেতৃত্ব।

নদীয়ার কালিরহাট বাজারে আজ সন্ধ্যায় ১২ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখায় বিজেপি।

অভিযুক্তদের কঠোর শাস্তির দাবিতে কসবা ল কলেজের সামনে প্রতিবাদ-বিক্ষোভে সামিল হয় নারী ঐক্য মঞ্চ।

oooooooooooooooo

এদিকে, আইনের ছাত্রীর ধর্ষণকান্ডে আজ সকালে অর্চনা মজুমদারের নেতৃত্বে জাতীয় মহিলা কমিশনের তিন সদস্যের একটি প্রতিনিধি দল সাউথ ক্যালকাটা ল

কলেজে যান। তাঁদের সঙ্গে থাকা ভিডিও ফটোগ্রাফারকে ভিতরে যাওয়ার অনুমতি দেয়নি পুলিশ। গতকালই তিন অভিযুক্ত ও নির্যাতিতার ডিএনএ পরীক্ষা হয়েছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০

সাউথ ক্যালকাটা ল কলেজে আগামীকাল পরিচালন সমিতির বৈঠক ডাকা হয়েছে। এই কলেজের নিরাপত্তার বিষয়ে কোনো গাফিলতি ছিল কিনা তা নিয়ে আগেই কলেজ কর্তৃপক্ষের কাছে রিপোর্ট চেয়েছে উচ্চ শিক্ষা দফতর। কলেজে ছাত্রীকে গণধর্ষণের ঘটনার অভিযোগের প্রেক্ষিতে ডিরেক্টর অফ পাবলিক ইন্সট্রাকশন, কলেজের ভাইস প্রিন্সিপালকে আগামীকাল পরিচালন সমিতির বৈঠক ডাকতে বলেছেন। কলেজের কোথায় নিরাপত্তার গাফিলতি ছিল, তা খুঁজে বের করতে হবে এবং কলেজের নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে বলে উচ্চশিক্ষা দফতর নির্দেশ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

কসবা কান্ড নিয়ে বিতর্কিত মন্তব্য করে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে কামারহাটির বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী মদন মিত্রকে শো কজ করেছে তৃণমূল কংগ্রেস। দলের তরফে আজ তাঁকে চিঠি দিয়ে তিন দিনের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন রাজ্য সভাপতি সুব্রত বক্সি। চিঠিতে বলা হয়েছে, আইন কলেজের ঘটনা নিয়ে মদন মিত্রের এই ধরণের অপ্রয়োজনীয় এবং অসংবেদনশীল মন্তব্যে দলের ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

মধু কবি মাইকেল মধূসুদ দত্তের প্রয়াণ দিবসে মাইকেল মধূসুদন অ্যাকাডেমীর উদ্যোগে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। ডক্টর অমিত ভট্টাচার্য, ডক্টর বিধান দত্ত সহ বিভিন্ন বক্তা বাংলা সাহিত্যের নব জাগরণে মাইকেলের ভূমিকা নিয়ে আলোচনা করেন। কলকাতার পার্ক সার্কাসে তাঁর সমাধিস্থলে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান।

oooooooooooooooooooo

দক্ষিণ-পশ্চিম বাংলাদেশ ও সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপরে থাকা ঘূর্ণাবর্তটি আজ নিম্নচাপ অঞ্চলে পরিণত হয়েছে। যা পরবর্তী ৪৮ ঘন্টায় পশ্চিম, উত্তর - পশ্চিমে অগ্রসর হবে। এর ফলে আগামী দুদিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন। **১** তারিখ পর্যন্ত মৎস্যজীবিদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

(বাইট – সৌরিশ)

অন্যদিকে, উত্তরবঙ্গের কালিম্পং, দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ার জেলায় ৩০ থেকে ২ তারিখ পর্যন্ত বৃষ্টির পরিমাণ বেশি থাকবে।

oooooooooooooooooooo